

## আল-হাক্কাহ | Al-Haqqa | الْحَقَّةُ

আয়াতঃ ৬৯ : ১৭

### আরবি মূল আয়াত:

وَ الْمَلَكُ عَلَى أَرْجَائِهَا ۖ وَ يَحْمِلُ عَرْشَ رَبِّكَ فَوَقَهُمْ يَوْمَئِذٍ ثَمَنِيَّةٌ

১৭

### A | ✎ অনুবাদসমূহ:

ফেরেশতাগণ আসমানের বিভিন্ন প্রান্তে থাকবে। সেদিন তোমার রবের আরশকে আটজন ফেরেশতা তাদের উর্ধ্বে বহন করবে। — আল-বায়ান

ফেরেশতারা থাকবে আকাশের আশে পাশে। আটজন ফেরেশতা সেদিন তোমার প্রতিপালকের ‘আরশ নিজেদের উর্ধ্বে বহন করবে। — তাইসিরুল

মালাইকা/ফেরেশতারা আকাশের প্রান্তদেশে থাকবে এবং সেদিন আটজন মালাইকা/ফেরেশতা তাদের রবের আরশকে ধারণ করবে তাদের উর্ধ্বে। — মুজিবুর রহমান

And the angels are at its edges. And there will bear the Throne of your Lord above them, that Day, eight [of them]. — Sahih International

১৭. আর ফেরেশতাগণ আসমানের প্রান্ত দেশে থাকবে এবং সেদিন আটজন ফিরিশতা আপনার রবের আরশকে ধারণ করবে তাদের উপরে।

-

তাফসীরে জাকারিয়া

(১৭) ফিরিশতাগণ আকাশের প্রান্তদেশে থাকবে[1] এবং সেদিন আটজন ফিরিশতা তোমার প্রতিপালকের আরশকে তাদের উর্ধ্বে ধারণ করবে। [2]

[1] আসমান টুকরো টুকরো হয়ে যাওয়ার পর আসমানবাসী ফিরিশতারা কোথায় থাকবেন? বলা হল, তাঁরা আকাশের প্রান্তদেশে থাকবেন। এর একটি অর্থ এও হতে পারে যে, ফিরিশতাগণ আসমান ফাটার পূর্বে আল্লাহর নির্দেশে যমীনে চলে আসবেন। অতএব ফিরিশতাগণ দুনিয়ার প্রান্তদেশে থাকবেন। অথবা অর্থ এও হতে পারে যে, আসমান খন্দ খন্দ হয়ে বিভিন্ন খন্দে পরিণত হবে। সেই খন্দগুলোর মধ্যে যেগুলো যমীনের প্রান্তদেশে নিজ স্থানে প্রতিষ্ঠিত থাকবে ফিরিশতাগণ সেখানে থাকবেন। (ফাতহুল কাদীর)

[2] অর্থাৎ, এই নির্দিষ্ট ফিরিশতাগণ আল্লাহর আরশকে তাঁদের মাথায় উঠিয়ে রাখবেন। আবার এটাও হতে পারে যে, এই আরশ থেকে উদ্দেশ্য হল সেই আরশ, যা ফায়সালার জন্য যমীনে রাখা হবে এবং যার উপর মহান আল্লাহর গৌরবময় অবতরণ সংঘটিত হবে। (ইবনে কাসীর)

তাফসীরে আহসানুল বাযান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5340>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন